

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দেলদুয়ার, টাঙ্গাইল।


স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.১৮.০৫৮.২০- ১৯০(২০০)

তারিখ : ২২ মার্চ ২০২০

গণবিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধের লক্ষ্যে এ জেলায় সকল ধরনের রাজনৈতিক/সামাজিক/ধর্মীয় ও সাংস্কৃতিক সভা-সমাবেশ, সাপ্তাহিক হাট, গণ-জমায়েত, কোচিং সেন্টার, ক্লাব বিনোদন পার্ক, কমিউনিটি সেন্টার, যে কোন ধরনের পার্টি এবং জনবহুল রেস্তুরেন্ট বন্ধ রাখার জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের ২১ মার্চ ২০২০ তারিখের ০৫.৩০.৯৩০০.০০১.৯৯.০০১.২০-৯২ নং স্মারকে নির্দেশনা প্রদান করেছেন।

উক্ত নির্দেশনার আলোকে এ উপজেলায় বর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বিনা কারণে দ্রব্য মূল্য বাড়িয়ে ভোক্তাদের প্রতারনা না করা এবং জনমনে ভীতি সৃষ্টি না করার জন্যও অনুরোধ করা হলো। অপ্রয়োজনে একসাথে অধিক পরিমাণ খাদ্যদ্রব্য ক্রয় না করার জন্য সকলের প্রতি অনুরোধ করা যাচ্ছে। যারা আইন অমান্য করবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোহমুদা আক্তার)  
উপজেলা নির্বাহী অফিসার  
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.১৮.০৫৮.২০- ১৯০(২০০)

তারিখ : ২২ মার্চ ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৩। সহকারী কমিশনার (ভূমি), দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৪। উপজেলা ..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে গণবিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে গণবিজ্ঞপ্তিটি টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্লাব/দেলদুয়ার প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিটি, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সভাপতি/সম্পাদক, দেলদুয়ার বণিক সমিতি, দেলদুয়ার, টাঙ্গাইল(সকল)। তাঁকে গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। অফিস কপি।